

ঢাকা বিশ্ববিদ্যালয়
শিক্ষক সমিতির নির্বাচনে
নীল দল আটটি, সাদা
দল সাতটিতে জয়ী

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে আওয়ামী-বামসমর্থিত শিক্ষকদের নীল দল এবং বিএনপি-জামায়াতসমর্থিত সাদা দলের শিক্ষকদের মধ্যে তুমুল প্রতিদ্বন্দ্বিতা হয়েছে। গতকাল সোমবার সকাল ১০টা থেকে বেলা দুইটা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে নির্বাচন হয়।

নির্বাচনে সমিতির কার্যনির্বাহী পরিষদে ১৫টি পদের মধ্যে নীল দল সভাপতিসহ আটটিতে এবং সাদা দল সাধারণ সম্পাদকসহ সাতটিতে বিজয়ী হয়েছে। বিকেলে ভোট গণনা শেষে নির্বাচন কমিশনটির অধ্যাপক শরিক উদ্দাহ ইউনুস এ ফল ঘোষণা করেন। নির্বাচনে এক হাজার ৫৯১ জন ভোটারের মধ্যে এক হাজার ৩২১ জন শিক্ষক ভোট দিয়েছেন।

নীল দলের বিজয়ীরা হলেন: সভাপতি পদে সামাজিক বিজ্ঞান অনুষদের ভিন চরিত উম্মিন আহমেদ (৭০৪ ভোট), কোষাধ্যক্ষ হাশিমুর রশীদ (৬৯০ ভোট), যুগ্ম সাধারণ সম্পাদক পদে জিয়াউর রহমান (৭০২ ভোট), সদস্য পদে আখতারুজ্জামান (৭৮২ ভোট), আবুল কাবরকাত (৭৩০ ভোট), সাকিতা রিজওয়ানা রহমান (৬৫৪ ভোট), আ ব ম ফারুক (৬৫২ ভোট) ও জাজিদ আজিজ চৌধুরী (৬১৩ ভোট)। সাদা দলের থেকে বিজয়ী হয়েছেন সাধারণ সম্পাদক পদে প্রশরশায়ন ও অনুপ্রাণবিজ্ঞানের মামুন আহমেদ (৬৫২ ভোট) ও সহসভাপতি আখতার হোসেন খান (৬৩৮ ভোট)। এ ছাড়া সদস্য পদে লুৎফর রহমান (৭১৪ ভোট), মদরুল আমিন (৭০৩ ভোট), আবুল হাসনাত (৬৭৪ ভোট), এ বি এম ওবায়দুল ইসলাম (৬৭৩ ভোট) ও লায়লা নূর ইসলাম (৬১৯ ভোট) নির্বাচিত হয়েছেন।